অধ্যক্ষের কার্যালয়

# রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ

বিমানবন্দর রোড, শালবাগান রাজশাহী-৬২০৩

স্থাপিত: ২০১০ খ্রি. সরকারিকরণ: ১৮/০৯/২০১৭ খ্রি.

EIIN NO: 134670

☏ ০১৩০৯-১৩৪৬৭০ E-mail- principal2.rebmsc@gmail.com web:www.rebmsc.edu.bd

বিদ্যালয় কোড: ২৪০০
কলেজ কোড: ১৭০১

স্মারক নং: রাশিবোসমবিক/২০২৬/প্র:/ ১৭৬২ তারিখ: ১৩/০৫/২০২৬ খ্রি.

## *নিয়োগ বিজ্ঞপ্তি*

রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ এর দাপ্তরিক কার্যনির্বাহের স্বার্থে দৈনিক মজুরীর ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে উল্লেখ্য পদের বিপরীতে বর্ণিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকগণের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বিষয় | বেতন | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী/নিরাপত্তা প্রহরী | আলোচনা সাপেক্ষে | ০১ | কমপক্ষে অষ্টম শ্রেণি পাশ |

### *শর্তাবলী:*

১। আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা,বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, নিজ জেলা,শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর,অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক আবেদন আগামী ২০ মে ২০২৬ খ্রি. মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা হাতে হাতে নিম্নস্বাক্ষরকারী বরাবর রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, শালবাগান,সপুরা,রাজশাহী-৬২০৩ এই ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে কোনো আবেদন গ্রহণযোগ্য নয়।

২। নির্ধারিত পদের বয়সসীমা ২০ মে ২০২৬ খ্রি. তারিখে অনুর্ধ্ব ৩৫(পঁয়ত্রিশ) বছর। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৩। এই নিয়োগ স্থায়ী নিয়োগের শর্ত বহন করেনা। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন সময় নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

৪। নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যদি চাকুরী হতে স্বেচ্ছায় অব্যহতি নিতে চান তাহলে নিয়োগকারী কর্তৃপক্ষকে কমপক্ষে ০১(এক) মাস আগে লিখিতভাবে অবহিত করতে হবে।

৫। আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত কাগজ সংযুক্ত করতে হবে:

ক. সম্প্রতি তোলা রঙিন পি.পি সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবি।

খ. সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি।

গ. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলর/গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকতার সনদপত্র।

ঘ.অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে)।

৬। খামের উপর নিজ জেলা ও পদের নাম উল্লেখ করতে হবে।

৭। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বেপ্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯। মৌখিক পরীক্ষায় চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হবে।

১০। প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোনো ধরনের টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

(স্বাক্ষরিত)
অধ্যক্ষ
রাজশাহী শিক্ষা বোর্ড সরকারি মডেল স্কুল এন্ড
কলেজ